DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF)  তৈরি: 16 Aug 2026, 05:18 AM

রাজনীতি

# ছাত্রদলের সন্ত্রাস ক্যাম্পাসে চলতে দেওয়া হবে না: মামুনুল হক

প্রতিবেদক: ঢাকা প্রোব ডেস্ক
প্রকাশের তারিখ: বুধবার, ০৫ আগস্ট ২০২৬, ০৪:২৯ PM




ছবি সংগৃহীত

বাংলাদেশ খেলাফত মজলিসের আমির মাওলানা মামুনুল হক বলেছেন, ২৪-এর বিপ্লবের পর নব্য ফ্যাসিবাদ তৈরি হয়েছে। এর থেকে কেউ রেহাই পাচ্ছে না। শিক্ষাঙ্গনে হামলা করে ক্যাম্পাসে আতঙ্ক তৈরি করা হয়েছে, ছাত্রদলের সন্ত্রাস শিক্ষাঙ্গনে চলতে দেওয়া হবে না।

বুধবার দুপুরে ১১ দলীয় ঐক্য আয়েজিত গণভোটের গণরায় বাস্তবায়ন ও জুলাই গণহত্যায় জড়িতদের বিচারের দাবিতে গণসমাবেশে তিনি এসব কথা বলেন।

তিনি বলেন, নির্বাচন-পরবর্তী নতুন করে যে ফ্যাসিবাদ শুরু হয়েছে তা এখনই আটকাতে হবে। তা না হলে ২৪-এর জুলাই শহীদ থেকে দ্বিগুণ মানুষকে জীবন দিতে হবে।

তিনি বলেন, শহীদ জিয়া ও বেগম খালেদা জিয়ার বিএনপিকে বলি, আপনারা মজলুম থেকে জুলুমকারী হয়েছেন। যদি ফ্যাসিবাদ থেকে ফিরে না আসেন, তাহলে আমরা জুলুমের হাত ভেঙে দিব।

মামুনুল হক বলেন, গণভোট নিয়ে সরকার জাতির সাথে প্রতারণা করছে। সরকারকে বলি, এই রায় বাস্তবায়ন করুন। কারণ এই রায় ৭০ শতাংশ জনগণের, এই রায় শাপলা চত্বরের শহীদদের, এই রায় ৫৭ জন শহীদ সেনা অফিসারের, এই রায় ২৪-এর রক্তের বিনিময়ে। যদি এই সনদকে অসম্মান করা হয়, তাহলে আমরা এর সম্মান রক্ষার্থে শপথ গ্রহণ করতে চাই।

২৪-এর আন্দোলনে যখন মাঠে নামে, তখন সবাই বলছিল তোমরা কেন মাঠে নামলে? কওমি ছাত্ররা বলেছিল, আমরা চাকরির জন্য নামিনি, স্কুল-কলেজের আমার ভাইদের বুকে কেন গুলি করা হলো, এর জবাব দিতে নামছি। সুতরাং ভবিষ্যতেও ফ্যাসিবাদের বিরুদ্ধে মাদ্রাসাগুলো থেকে আবাবিল নেমে আসবে।

---

## এ বিভাগের আরও খবর




**৯৮ শতাংশ গ্যাসের নিয়ন্ত্রণ একটি বিশেষ দেশের হাতে তুলে দেন হাসিনা**

চিফ হুইপ মো. নূরুল ইসলাম বলেছেন, বিগত সরকারের সময় দেশের ৯৮ শতাংশ গ্যাসের নিয়ন্ত্রণ একটি বিশেষ দেশের হাতে তুলে দেওয়া হয়েছিল। স্বৈরাচারী সরকার...




**বিদ্যুৎ ও জ্বালানি সংকট, বিশেষ অধিবেশন চেয়ে রাষ্ট্রপতিকে বিরোধীদলীয় নেতার চিঠি**

দেশে চলমান তীব্র বিদ্যুৎ ও জ্বালানি সংকটসহ সার্বিক আর্থ-সামাজিক ও আইনশৃঙ্খলা পরিস্থিতির অবনতি রোধে জাতীয় সংসদের বিশেষ অধিবেশন আহ্বানের অনুরো...



**বিএনপির স্থায়ী কমিটিতে চমক, রিজভী-আমানসহ নতুন দায়িত্বে ৪ নেতা**

দলের সাংগঠনিক গতিশীলতা বাড়াতে বিএনপির জাতীয় স্থায়ী কমিটিতে চার নেতাকে সদস্য হিসেবে মনোনীত করা হয়েছে।শনিবার (১৫ আগস্ট) বিএনপির সহ-দফতর সম্পাদ...




**গণতান্ত্রিক রাজনীতির মূল কারিগর ছিলেন খালেদা জিয়া: মির্জা ফখরুল**

বিএনপির সদ্য সাবেক মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন, গণতান্ত্রিক রাজনীতির মূল কারিগর খালেদা জিয়া। তিনি বাংলাদেশের ভাগ্যের সঙ্গে জড়িয়...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://dhakaprobe.com/politics/chhatrdler-sntras-kjampase-chlte-deoya-hbe-na-mamunul-hk